বরেণ্য অভিনেতা মনোজ মিত্র আর নেই

written by Chandradip News24 | November 13, 2024

ভারতীয় বাংলা সিনেমার কিংবদন্তি অভিনেতা ও নাট্যকার মনোজ মিত্র আর নেই। মঙ্গলবার সকাল ৮টা ৫০ মিনিটে কলকাতার সল্টলেকের একটি বেসরকারি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৫ বছর।

তার ভাই অমর মিত্র গণমাধ্যমকে জানান, “সোমবার রাতে তার শারীরিক অবস্থা অত্যন্ত সংকটজনক হয়ে পড়ে। মঙ্গলবার সকালে তিনি পৃথিবী থেকে বিদায় নেন।”

সেপ্টেম্বর মাসে গুরুতর অসুস্থ হয়ে পড়লে মনোজ মিত্রকে হাসপাতালে ভর্তি করা হয়। বুকের ব্যথার কারণে তিনি কয়েকদিন হাসপাতালে চিকিৎসা নিয়ে সুস্থ হয়ে বাড়ি ফিরেন। তবে বাড়িতে চিকিৎসা চলাকালীন অবস্থায়ও তাকে বিভিন্ন যন্ত্রের সাহায্যে বাঁচিয়ে রাখা হয়েছিল। গত মাসে ফের অসুস্থ হয়ে পড়লে তাকে ক্যালকাটা হার্ট ক্লিনিকে ভর্তি করা হয়, সেখানেই তার জীবনাবসান ঘটে।

হাসপাতাল সূত্রে জানা গেছে, মনোজ মিত্র হৃদরোগসহ নানা জটিল সমস্যায় ভুগছিলেন। বিশেষ করে, অনিয়ন্ত্রিত রক্তচাপ, ক্রিয়েটিনিন

এবং সোডিয়াম-পটাশিয়ামের ভারসাম্যহীনতায় তার শারীরিক অবস্থা দিন দিন খারাপ হচ্ছিল।

মনোজ মিত্র ছিলেন বাংলা থিয়েটার ও চলচ্চিত্রের এক অবিস্মরণীয় নাম। ‘বাঞ্ছারামের বাগান’ ও ‘আদর্শ হিন্দু হোটেল’-এর মতো তার অভিনীত নাটক ও সিনেমা আজও দর্শকদের মুগ্ধ করে। একসময় তার মঞ্চনাটকের জন্য দর্শকরা অধীর আগ্রহে অপেক্ষা করতেন। তবে সাম্প্রতিক বছরগুলোতে শারীরিক অসুস্থতার কারণে তিনি মঞ্চ ও চলচ্চিত্র থেকে দূরে সরে গিয়েছিলেন।

তার অভিনয় জীবনে তিনি তপন সিনহা, সত্যজিৎ রায়, বুদ্ধদেব দাশগুপ্ত, বাসু চ্যাটার্জি, তরুণ মজুমদার, শক্তি সামন্ত ও গৌতম ঘোষের মতো প্রখ্যাত পরিচালকদের সঙ্গে কাজ করেছেন। শ্রেষ্ঠ নাট্যকার হিসেবে তিনি পেয়েছেন অসংখ্য পুরস্কার ও সম্মাননা, যা তাকে বাংলা সংস্কৃতির এক অবিচ্ছেদ্য অংশ হিসেবে প্রতিষ্ঠা দিয়েছে।

১৯৩৮ সালের ২২ ডিসেম্বর বাংলাদেশের খুলনা বিভাগের সাতক্ষীরার ধূলিহার গ্রামে জন্মগ্রহণ করেন মনোজ মিত্র। দেশভাগের পর পরিবারের সঙ্গে তিনি কলকাতায় চলে আসেন। সেখানে স্কটিশ চার্চ কলেজ থেকে স্নাতক শেষ করে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ডিগ্রি অর্জন করেন। ছাত্রজীবনেই তিনি থিয়েটারে যুক্ত হন এবং পরবর্তীতে বাংলা নাটকের এক উজ্জ্বল নক্ষত্রে পরিণত হন।

—

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম